Phone : 8538060398, 8538060399

VIDYASAGAR MAHAVIDYALAYA

Affiliated under University of Calcutta and accredited by NAAC.
Estd. -- 1998

SUCHIA ★ MOSAT ★ HOOGHLY
PIN - 712701

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ভর্তির বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে, ২০১৭-১৮ শিক্ষাবর্ষে অনলাইন ব্যবস্থার মাধ্যমে বি.এ., বি.কম. (অনার্স ও জেনারেল) কোর্সের প্রথম বর্ষের ছাত্র/ছাত্রী ভর্তি নেওয়া হবে। আবেদন পত্র পূরণ করতে আগ্রহী ছাত্র/ছাত্রীরা **H.S (10+2)**-এর রেজাল্ট প্রকাশিত হবার পর ১লা জুন, ২০১৭ থেকে ১২ই জুন, ২০১৭ তারিখ কলেজের ওয়েবসাইট "**www.vidyasagarmahavidyalaya.org.in**" গিয়ে "**Online Admission Portal**" থেকে মহাবিদ্যালয়ে যে সকল বিষয় পড়ানোর ব্যবস্থা রয়েছে, তার মধ্যে থেকে তাদের পছন্দমতো কোর্সের জন্য আবেদন করতে পারবে।

আবেদন পত্র পূরণ (**Form Fill-up**) অনলাইন ব্যবস্থার মাধ্যমে ১লা জুন, ২০১৭ তারিখ থেকে করা যাবে। আবেদন পত্র সঠিকভাবে পূরণ করার জন্য **Website**-এর **Portal**-এ দেওয়া নির্দেশাবলী (**Instruction**) অবশ্যই দেখে নিতে হবে।

আবেদন পত্র পূরণ করার পর তা অনলাইন ব্যবস্থার মাধ্যমে **Submit** করতে হবে। প্রথমে ফর্মটি **Fill-up** করতে হবে। তারপর সেটি চেক্ করে দেখতে হবে সঠিকভাবে **Fill-up** করা হয়েছে কিনা। সঠিকভাবে **Fill-up** করা হয়ে থাকলে সেটি প্রাথমিকভাবে **Submit** করতে হবে। এরপর কোর্স নির্বাচন করে ফাইনাল **Submit** করতে হবে। ফাইনাল সাব্‌মিশন করার পর **Oriental Bank of Commerce (Masat Branch, Dist.-Hooghly)**-এর কলেজের **A/c. No.**, ফর্ম নম্বর এবং অন্যান্য তথ্য সম্বলিত তিন (০৩) কপি চালান ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। উক্ত চালান কেবলমাত্র উপরিউক্ত ব্যাঙ্কের মশাট শাখায় জমা করিয়া **Student** কপি ছাত্র-ছাত্রীরা সংগ্রহ করবে। টাকা জমা দেওয়া থেকে দুটি কার্যকরী দিনের পর তার পেমেন্ট **Status**-এর আপ্‌গ্রেডেশান ছাত্র-ছাত্রীরা **Portal**-এ দেখে নিতে পারবে। যদি পেমেন্ট **Status Update** না হয় তাহলে অতিসত্ত্বর কলেজের **Helpline**-এ যোগাযোগ করতে হবে।

প্রতিটি কোর্সের জন্য আলাদা আবেদন পত্র পূরণ করতে হবে। প্রতিটি আবেদন পত্রের জন্য ১০০ টাকা মূল্য এবং নির্ধারিত ব্যাঙ্ক চার্জ (যা চালানে উল্লিখিত থাকবে) ব্যাঙ্কে জমা দিতে হবে। আগামী ১৫ই জুন, ২০১৭ তারিখ বিকাল ৪টার মধ্যে মেধা তালিকা **Online** ব্যবস্থার মাধ্যমে কলেজের **Website**-এ প্রকাশিত হবে।

মেধা তালিকার ভিত্তিতে আগামী ২১শে ও ২২শে জুন, ২০১৭ তারিখে কাউন্সেলিং করা হবে। কাউন্সেলিং-এর পর ভর্ত্তির জন্য নির্দিষ্ট মাহিনা (**Fees**)-র চালান কলেজ থেকে সংগ্রহ করে ব্যাঙ্কে জমা করার মাধ্যমে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে। ২১শে ও ২২শে জুন, ২০১৭ তারিখ ব্যাঙ্কে **Fees** জমা নেওয়া হবে।

২০১৭-১৮ শিক্ষাবর্ষের বি.এ./বি.কম. (অনার্স ও জেনারেল) প্রথম বর্ষের ক্লাস ২০১৭ সালের জুলাই-এর তৃতীয় সপ্তাহের মধ্যে শুরু হবে। ক্লাস শুরুর নির্দিষ্ট তারিখ কলেজের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি দিয়ে জানিয়ে দেওয়া হবে। মহাবিদ্যালয়ে যে সমস্ত কোর্স পড়ানো হয়, তার নির্দ্ধারিত আসনের শ্রেণীবিন্যাস কলেজের ওয়েবসাইটে দেখে নিতে হবে।

ঃঃ অনার্সে আবেদনের ন্যূনতম যোগ্যতা ঃঃ

১। যে বিষয়ে অনার্স পড়তে ইচ্ছুক, উচ্চমাধ্যমিক পরীক্ষায় ন্যূনতম সেই বিষয়ে অথবা বিষয়টি সম্পর্কীয় বিষয়ে (**Related Subject**)-এ **45%** নম্বর এবং মোট (**aggregate**) নম্বরের উপর **50%** পেতে হবে।

অথবা অনার্স নিতে ইচ্ছুক বিষয়ে অথবা সম্পর্কীয় বিষয়ে উচ্চমাধ্যমিক পরীক্ষায় **55%** নম্বর পেতে হবে।

২। পূর্ববর্তী যোগ্যতা নির্দ্ধারক পরীক্ষায় যদি আবেদনকারীর উক্ত বিষয়টি না থাকে তাহলে কমপক্ষে সর্বমোট **50%** নম্বর (অন্য সব শর্তাবলী পূরণ করা সাপেক্ষে) থাকতে হবে। ইহা কমার্সের জন্য প্রযোজ্য নয়।

৩। তপশিলী জাতি ও উপজাতি ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে উচ্চমাধ্যমিক পরীক্ষায় সর্বমোট **40%** নম্বর অথবা বিষয়ে **40%** নম্বর পেতে হবে।

যে সমস্ত ছাত্র-ছাত্রী ২০১২ সালের আগে **H.S (10+2)** পরীক্ষায় পাশ করেছে তারা ২০১৭-১৮ সালে ভর্ত্তি হতে পারবে না। সুতরাং তারা আবেদন করলে তা গ্রাহ্য হবে না।

মেধা তালিকা প্রকাশ ও ভর্তি প্রক্রিয়ার সময়পঞ্জী নীচে দেওয়া হল —

সময় পঞ্জী

১।	আবেদনপত্র দেবার তারিখ	ঃ ১লা জুন, ২০১৭ থেকে ১২ই জুন, ২০১৭
২।	মেধা তালিকা প্রকাশ	ঃ ১৫ই জুন, ২০১৭ বিকাল ৪টার মধ্যে
৩।	কাউন্সেলিং	ঃ ২১শে জুন, ২০১৭ বেলা ১১টা থেকে বিকাল ৩টা ২২শে জুন, ২০১৭ সকাল ১১টা থেকে বিকাল ৩টা
৪।	প্রথম মেধা তালিকা থেকে ভর্ত্তির তারিখ	ঃ ২১শে জুন, ২০১৭ থেকে ২২শে জুন, ২০১৭
৫।	দ্বিতীয় মেধা তালিকা প্রকাশ	ঃ ২৩শে জুন, ২০১৭ বিকাল ৪টার মধ্যে
৬।	কাউন্সেলিং	ঃ ২৭শে জুন, ২০১৭ সকাল ১১টা থেকে বিকাল ৩টা ২৮শে জুন, ২০১৭ সকাল ১১টা থেকে বিকাল ৩টা
৭।	দ্বিতীয় মেধা তালিকা থেকে ভর্তির তারিখ	ঃ ২৭শে ও ২৮শে জুন, ২০১৭ (ব্যাঙ্কের কার্যকরী সময়সীমার মধ্যে)
৮।	তৃতীয় মেধা তালিকা প্রকাশ	ঃ ২৯শে জুন, ২০১৭ বিকাল ৪টার মধ্যে
৯।	কাউন্সেলিং	ঃ ৩০শে জুন, ২০১৭ সকাল ১১টা থেকে বিকাল ৩টা ১লা জুলাই, ২০১৭ সকাল ১১টা থেকে বিকাল ৩টা
১০।	তৃতীয় মেধা তালিকা থেকে ভর্তি	ঃ ৩০শে জুন থেকে ১লা জুলাই, ২০১৭ (ব্যাঙ্কের কার্যসীমার মধ্যে)

১১। তৃতীয় মেধা তালিকা থেকে ভর্তির পর অপূর্ণ সীট থাকলে (যদি থাকে) তার তালিকা প্রকাশিত হবে ৪ঠা জুলাই, ২০১৭ বিকাল ৪টার মধ্যে।

১২। আগ্রহী ছাত্র-ছাত্রীরা ৫ই জুলাই, ২০১৭ বেলা ১১টা থেকে ১টার মধ্যে তাদের ভর্তির সম্মতিপত্র মহাবিদ্যালয়ের অফিসে জমা করবে। তাদের কাউন্সেলিং হবে বেলা ১টা থেকে ২টা। কাউন্সেলিং-এর পর ঐদিনই ব্যাঙ্কের কার্যসীমার মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

১৩। এরপরও কোনো সাম্মানিক বিষয়ে অপূর্ণ সীট থাকলে সাধারণ বিভাগে যারা আগে ভর্তি হয়েছে তারা পুনরায় আবেদন করতে পারবে ৬ই জুলাই, ২০১৭ বেলা ২টার মধ্যে।

১৪। তাদের মেধা তালিকা প্রকাশিত হবে ৭ই জুলাই, ২০১৭ বিকাল ৪টার মধ্যে।

১৫। তাদের কাউন্সেলিং ও ভর্তি ১০ই জুলাই, ২০১৭ ব্যাঙ্কের কার্যসীমার মধ্যে সম্পন্ন হবে।

১৬। এরপরও যদি অপূর্ণ সীট থাকে তবে বাকী সীটের জন্য পুনরায় নতুন আবেদনপত্র গ্রহণ করা হবে ১৩ই জুলাই, ২০১৭ তারিখ থেকে। সীট পূর্ণ না হওয়া পর্যন্ত ২১শে জুলাই, ২০১৭ অবধি আগে আসার ভিত্তিতে এই প্রক্রিয়া চালু থাকবে।

১৭। সাধারণ বিভাগে ভর্তির জন্য মেধা তালিকা প্রকাশিত হবে ১৫ই জুন, ২০১৭ বিকাল ৪টার মধ্যে।

১৮। সাধারণ বিভাগে সীট পূর্ণ না হওয়া পর্যন্ত ২১শে জুলাই, ২০১৭ তারিখ অবধি ভর্তি প্রক্রিয়া চলবে।

১৯। ভর্তির সময় ছাত্র/ছাত্রীকে ব্যক্তিগতভাবে/নিজে উপস্থিত থাকতেই হবে।

মহাবিদ্যালয়ে নিম্নলিখিত বিষয়গুলিতে অনার্স পড়ানো হয় —
বাংলা, ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, এডুকেশন, ইংরাজী ও **Accountancy.**

ড. সমীর কুমার সিংহ
অধ্যক্ষ
বিদ্যাসাগর মহাবিদ্যালয়

VIDYASAGAR MAHAVIDYALAYA ESTD 1998 Suchia, Mosat, Hooghly

Principal & Secretary
Vidyasagar Mahavidyalaya
Suchia, Masat, Hooghly

A Bhattacharyya
30.5.17